

২০২১

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-H-CC-T-13

(বাংলা নাটক পাঠ)

পূর্ণমান : ৬০

সময় : ২:৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

বিঃ দ্রঃ- A4 সাইজ কাগজের ১০ থেকে ১২ পৃষ্ঠার মধ্যে উত্তর লেখা বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ১০ = ২০$

- ক) ‘মনসামঙ্গল’ কাব্যকে কেন্দ্র করে যে ‘চাঁদ বণিকের পালা’ রচিত হয়েছে সেখানে ‘মনসামঙ্গল’ কাব্যের কোন্ কোন্ গুরুত্বপূর্ণ চরিত্রদের বাদ দেওয়া হয়েছে?
- খ) “অর্থহীন জীবনের কালিদহে শুধু যেন ঘূর্ণচক্র ঘোরে” — বক্তা কে?
- গ) কম্পাউন্ডার কার্তিক কে?
- ঘ) বাদল সরকারের ‘এবং ইন্দ্রজিৎ’ নাটকের সঙ্গে ‘পাগলা ঘোড়া’ নাটকের চরিত্রগত একটি সাদৃশ্যের উল্লেখ করো।

(পরের পাতায়)

- ঙ) কংসের পিতার নাম কি? কংস কোন্ বংশীয় ছিলেন?
- চ) ‘কারাগার’ নাটকের গানগুলির রচয়িতা কে?
- ছ) ‘পাগলা ঘোড়া’ নাটকে যখন চিতায় মৃতদেহের দাহ চলছে তখন চার বন্ধু কি করছিল?
- জ) বিদূরথের পরিচয় দাও।
- ঝ) ‘ঘরের সন্ধানী তুমি ঘর পেলে না’ — গানটি নাটকের কোন্ অঙ্কে কারা গেয়েছে?
- ঞ) ‘পাগলা ঘোড়া’ নাটকে মৃত মেয়েটি কখন শরীরী নাট্য চরিত্র হয়ে উঠেছে?
- ট) চাঁদ বণিকের যাবার বিরুদ্ধে কারা লোকেদের বিদ্রোহী করে তুলেছিল?
- ঠ) কঙ্কন কে? সে কার হাতে নিহত হয়েছিল?
- ড) বাদল সরকার কোন্ ধরনের নাট্যধারার প্রবক্তা? ঐ নাট্যধারার দুটি নাটকের নাম লেখো।
- ঢ) ‘চাঁদ বণিকের পালা’ নাটকের দ্বিতীয় পর্বে কি কি কাহিনি রয়েছে?
- ণ) ‘কারাগার’ নাটকে যাদবগণকে বাঁচাতে চন্দনা কি উদ্যোগ নিয়েছিলেন?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- ক) ‘চাঁদ বণিকের পালা’ নাটকটির কাহিনি ‘মনসামঙ্গল কাব্য’ থেকে গ্রহণ করা হলেও নাট্যকার সেখানে সম্পূর্ণ স্বতন্ত্রতার স্বাক্ষর রেখেছেন’ — আলোচনা করো।

খ) ‘এখনো পুড়ে শেষ হয়নি, এখনো জ্বলছে - নামিয়ে নিয়ে এসো পাগলা ঘোড়া’— কে কেন এই কথা বলেছে? নাটকে কিভাবে তাকে নাট্যকার উপস্থাপিত করেছেন?

২+৩=৫

গ) ‘কারাগার’ নাটকের অন্যতম শ্রেষ্ঠ সম্পদ হল সংলাপ’ — সংক্ষেপে মন্তব্যটি ব্যাখ্যা করো।

ঘ) নাটকের প্রথম অঙ্কে ‘কারাগার’ নাটকের নাট্যঘটনার সূচনা কিভাবে সংঘটিত হল তা আলোচনা করো।

ঙ) ‘চাঁদ বণিকের পালা’ নাটকে সংগীতের প্রাধান্যের কারণ কী?

চ) “কারাগার নাটকে নাট্যকার প্রধানত পুরাতন নাট্যরীতিরই অনুসরণ করিয়াছেন...” — বক্তব্যটি সংক্ষেপে বুঝিয়ে দাও।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$

ক) ‘চাঁদ বণিকের পালা’ নাটকে সনকা ও বেহুলা দুই চরিত্র বিপরীত মানসিকতায় অবস্থান করছে।’ — আলোচনা করো।

খ) ‘কারাগার’ নাটকে কংস চরিত্রটির সৃজন কতখানি শিল্পসঙ্গত হয়েছে - তা আলোচনা করো।

গ) ‘পাগলা ঘোড়া’ নাটকটিকে কোন্ শ্রেণিভুক্ত করা যায়? নাটকটির গঠন-সৌকর্য আলোচনা করো।

ঘ) ‘পাগলা ঘোড়া নাটকে চারটি স্বতন্ত্র প্রেমের গল্প থাকলেও আসলে তা এক ও অভিন্ন।’ — মন্তব্যের প্রেক্ষিতে তোমার মতামত দাও।
